**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-12-24** **Desk in Charge :**

**Time : 7.35 AM** **Compiling :**

**Opening Announcement:-** আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

১/ কেন্দ্রের 'ওয়াকফ বিল' প্রত্যাহারের দাবি সম্বলিত একটি প্রস্তাব, সরকার পক্ষ আজ বিধানসভায় আনতে চলেছে।

২/ রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ বিধানসভায় সম্প্রতি উপ-নির্বাচনে জয়ী প্রার্থীদের শপথবাক্য পাঠ করাবেন।

৩/ বাংলাদেশে বেড়াতে গিয়ে উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার এক বাসিন্দা ঢাকায় মৌলবাদীদের হাতে গুরুতরভাবে জখম হয়েছেন বলে অভিযোগ উঠেছে।

# বাংলাদেশে ইস্কনের সন্ন্যাসী গ্রেফতারের প্রতিবাদে এবং তাঁর নিঃশর্ত মুক্তির দাবিতে গতকাল রাজ্যের বিভিন্ন জায়গায় প্রতিবাদ মিছিল বের হয়।

# আজ পেট্রাপোল সীমান্তে কর্মসূচী করছে বিজেপি।

৪/ ভিন রাজ্যে আলু রপ্তানি নিয়ে জটিলতা না কাটলে আজ থেকে ফের ধর্মঘটের ডাক দিয়েছেন আলু ব্যবসায়ীরা।

৫/ ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ, জামশেদপুর FC-র মুখোমুখি হবে।

*************************************************************************

কেন্দ্রীয় সরকারের 'ওয়াকফ বিল' প্রত্যাহারের দাবি জানিয়ে তার উপর আলোচনার জন্য সরকার পক্ষ বিধানসভায় একটি প্রস্তাব আনতে চলেছে। দুদিন বিরতির পরে

আজ অধিবেশনের দ্বিতীয়ার্ধে ১৬৯ ধারায় এই প্রস্তাবটি উত্থাপন করবেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। প্রস্তাবের উপরে একটানা দুদিন মোট তিন ঘন্টা আলোচনার কার্যসূচি রয়েছে।

***************

রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী প্রার্থীরা আজ শপথ নেবেন। রাজ্যপাল সিভি আনন্দ বোস বিধানসভায় তাঁদের শপথবাক্য পাঠ করাবেন। রাজ্যপালের সচিবালয়ের তরফে বিধানসভার অধ্যক্ষকে চিঠি দিয়ে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য, এর আগে বরানগর উপনির্বাচনে জয়ী প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার রেয়াত হোসেনের শপথ গ্রহণ নিয়ে রাজভবন ও বিধানসভার মধ্যে টানাপোড়েন তৈরি হয়েছিল। পরে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় নিজেই তাঁদের শপথ বাক্য পাঠ করান।

উল্লেখ্য, সম্প্রতি রাজ্যের ৬'টি বিধানসভা আসনের উপ নির্বাচনে সবকটাতেই জয়ী হয়েছে তৃণমূল কংগ্রেস। নৈহাটি, হাড়োয়া, সিতাই, তালডাংরা ও মেদিনীপুরের নবনির্বাচিত বিধায়করাই আজ শপথ নেবেন।

***************

রাজ্যে শিশু শ্রমিক নেই বলে বিধানসভায় শ্রম মন্ত্রী মলয় ঘটকের দেওয়া বিবৃতিকে বিজেপি 'ভুল ও বিভ্রান্তিকর' বলে কটাক্ষ করেছে। বিজেপি বিধায়ক তথা দলের সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল বলেছেন, ২০২১ সালের তথ্য অনুযায়ী এরাজ্যে ৭'লক্ষের'ও বেশী শিশু শ্রমিক রয়েছে। করোনা অতিমারির পর দারিদ্রের কারণে এই সংখ্যা আরো বাড়ার সম্ভাবনা বলে তিনি উল্লেখ করেন। রাজ্য সরকার বাস্তব পরিস্থিতি স্বীকার করে উপযুক্ত পদক্ষেপ করার পরিবর্তে ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করছে বলেও অভিযোগ করেন অগ্নিমিত্রা।

***************

ক্ষুদ্র-ছোট ও মাঝারি শিল্প, কৃষি, পঞ্চায়েত সহ আটটি দপ্তরের পরিষেবা দিতে রাজ্য সরকার, আজ থেকে ‘শিল্পের সমাধানে’ শীর্ষক বিশেষ শিবিরের আয়োজন করতে চলেছে। প্রতিটি জেলা ও ব্লক স্তরে আয়োজিত ১৯ দিনের এই শিবিরে শিল্প উদ্যোগীরা ঋণ এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচীর সুযোগ গ্রহণের জন্য আবেদন জানাতে পারবেন। ‘স্টুডেন্ট ক্রেডিট কার্ডে’র আবেদনপত্র জমা নেওয়া ছাড়াও জেলা স্তরে জমি, দূষণ, অগ্নি সুরক্ষা সংক্রান্ত ক্ষেত্রে আটকে থাকা বিষয়গুলিরও নিষ্পত্তি করা হবে বলে রাজ্য সরকারের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

****************

বন্ধুর আমন্ত্রণে বাংলাদেশের ঢাকায় গিয়ে উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার এক বাসিন্দা মৌলবাদীদের হাতে গুরুতরভাবে জখম হয়েছেন বলে অভিযোগ উঠেছে। সায়ন ঘোষ নামে ওই যুবককের কাছ থেকে ঢাকার বাগানবাড়ি এলাকায় কিছু মৌলবাদী তাঁর মোবাইল ফোন ও মানিব্যাগ কেড়ে নেবার চেষ্টা করে। বাধা দিতে গেলে তাঁর মাথা ও মুখে গুরুতরভাবে আঘাত ও বেধড়কভাবে মারধোর করা হয় বলে তাঁর অভিযোগ। তাঁর বক্তব্য ঢাকা পুলিশ তার কোন অভিযোগ গ্রহণ করতে চায়নি। দেশে ফিরে আসার পথে গেদের ভারত – বাংলাদেশ সীমান্তের কাস্টমস্ ও অভিবাসন দফতরে সায়ন অভিযোগ দায়ের করেন। আগামীকাল তিনি বাংলাদেশ ডেপুটি হাইকমিশনে অভিযোগ দায়ের করবেন বলে জানিয়েছেন। তিনি ইতমধ্যেই বেলঘরিয়া থানায় অভিযোগ দায়ের করেছেন।

সায়ন গতকাল সাংবাদিকদের বলেন, তাঁকে বাঁচাতে গিয়ে বন্ধুও মৌলবাদীদের হাতে আক্রান্ত হন।

(বাইট– সায়ন)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিদেশ মন্ত্রকের কাছে বিষয়টি উত্থাপন করবেন বলে জানিয়েছেন।

(বাইট– সুকান্ত)

প্রদেশ কংগ্রেস বাংলাদেশ পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, অন্য দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর আক্রমণ ও অন্যায় হলে বিদেশ নীতির একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থেকে যায়।

****************

ভারত –বাংলাদেশ সীমান্তের বেনাপোল দিয়ে গতকাল ইস্কনের ৪৫ জন সন্ন্যাসী ভারতে আসতে চাইলে তাদেরকে বাংলাদেশে আটকে দেওয়া হয় বলে জানা গেছে। বেনাপোলে বাংলাদেশের অভিবাসন কার্যালয় থেকে তাঁদের ভারতে যাওয়ার অনুমতি দেওয়া হয়নি বলে খবর। প্রদেশ কংগ্রেস বাংলাদেশ পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, অন্য দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর আক্রমণ ও অন্যায় হলে বিদেশ নীতির একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থেকে যায়।

****************

বাংলাদেশে সংখ্যলঘু হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদে বনগাঁর পেট্রাপোলের বন্দর এলাকায় এক প্রতিবাদ সভার আয়োজন করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেখানে বক্তব্য রাখবেন। বনগাঁ উত্তর কেন্দ্রের বিধায়ক অশোক কীর্তনিয়া গতকাল সভার প্রস্তুতি খতিয়ে দেখতে পেট্রাপোলে যান।

****************

বাংলাদেশে ইসকনের প্রাক্তন সদস্য, সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারির প্রতিবাদে এবং তাঁর নি:শর্ত মুক্তির দাবিতে রাজ্যের বিভিন্ন স্থানে গতকাল প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়।

পশ্চিম বর্ধমানের আসানসোলে 'বঙ্গীয় হিন্দু জাগরণ' সহ একাধিক সংগঠন বিক্ষোভ মিছিলে যোগ দেয়। বার্ণপুরের ত্রিবেনী মোড় থেকে শুরু হয়ে আসানসোলের চিত্রা মোড় পর্যন্ত এই মিছিলে অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের ওপর নিপীড়ন নিয়েও

প্রতিবাদ জানানো হয়। অংশ নেন আসানসোল দক্ষিনের বিধায়ক অগ্নিমিত্রা পাল, বিজেপির সাংগঠনিক জেলা সভাপতি বাপ্পাদিত্য চট্টোপাধ্যায় প্রমুখ।

শিলিগুড়ি ইস্কনের তরফেও গতকাল এই ঘটনার প্রতিবাদে নাম-সংকীর্তনের আয়োজন করা হয়।

***************

আরজি কর কান্ডে ন্যায় বিচার, বেকারদের কর্মসংস্থানের দাবি ও আবাস যোজনায় দুর্নীতির প্রতিবাদে প্রদেশ যুব কংগ্রেস আজ 'বিধানসভা অভিযান' কর্মসূচির ডাক দিয়েছে।

বিধান ভবনে গতকাল এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন, রাজ্য সরকারের বিরুদ্ধে আন্দোলন শুরু করবে রাজ্য কংগ্রেস। ধর্মতলায় রাণী রাসমণি রোডে এক জমায়েত কর্মসূচিও করা হবে।

উল্লেখ্য, এর আগে দলের পর্যবেক্ষকদের নিয়ে হয় রাজ্য কংগ্রেসের উচ্চ পর্যায়ের বৈঠক।

***************

ভিনরাজ্যে আলু রপ্তানি নিয়ে জটিলতা না কাটলে আজ থেকে ফের ধর্মঘটের হুঁশিয়ারি দিয়েছেন আলু ব্যবসায়ীরা।

প্রগতিশীল আলু ব্যবসায়ী কমিটির রাজ্য সাধারণ সম্পাদক লালু মুখোপাধ্যায় জানিয়েছেন, রাজ্যের কৃষি বিপনন মন্ত্রী বেচারাম মান্নার নির্দেশ অনুযায়ী কেজি প্রতি ২৬ টাকা দরে তারা বাজারে আলু সরবরাহ করেছেন। অথচ গত তিন চার দিন ধরে রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলিতে আলুর ট্রাক আটকে দিচ্ছে পুলিশ। মামলা দায়ের করা হচ্ছে চালকদের বিরুদ্ধে। পরিস্থিতি বিবেচনা করে রাজ্য সরকার সদর্থক কোনো পদক্ষেপ না করলে আজ রাত থেকেই তাঁরা ধর্মঘটের পথে হাঁটবেন বলে লালুবাবু হুঁশিয়ারি দিয়েছেন।

এদিকে, গোপনে ভিন রাজ্যে আলু পাচারের চেষ্টার অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে পশ্চিম বর্ধমানের বারাবনী থানার পুলিশ। বাংলা-ঝাড়খন্ড সীমান্তে গৌরান্ডি ব্রিজের প্লাস্টিকের ব্যাগের আড়ালে আলু পাচারের সময় একটি ট্রাক আটক করা হয়। চালক ও খালাসীকে গ্রেপ্তার করা হয়েছে।

***************

দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘির মধুসূদনচক সমবায় সমিতির নির্বাচনে বিরোধী জোট জয়ী হয়েছে। ৪১ আসনের মধ্যে বিরোধী জোট ২৩ ও
তৃণমূল কংগ্রেস ১৮টি আসনে জয়লাভ করে। এই সমবায় আগে তৃণমূলের দখলে ছিল।

এদিকে, বিরোধী জোট জয়লাভ করার পরই শাসকদলের কর্মী সমর্থকদের সঙ্গে বিরোধী বাম, বিজেপি সমর্থকদের সংঘর্ষ শুরু হয়। গণ্ডগোল থামাতে গিয়ে আক্রান্ত হয় রায়দিঘি থানার পুলিশ। লাঠি, বাঁশ, ইট নিয়ে একে অপরের ওপর হামলা চলে বলে অভিযোগ। সংঘর্ষে জখম হয়েছেন দুপক্ষের অন্তত দশ জন। দুই পুলিশ কর্মীও আহত হয়েছেন বলে খবর। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন আছে।

***************

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটে ছিনতাইয়ের গল্প ফেঁদে চানাচুর কারখানার মালিকের টাকা আত্মসাৎ-এর চেষ্টার অভিযোগে এক কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গৌতম রায় নামে ধৃত ঐ ব্যক্তি কাটোয়ার ফরিদপুর কলোনির এক চানাচুর কারখানার কর্মী।

বিভিন্ন দোকানে টাকা আদায়ের পর বাড়ি ফেরার সময় দুষ্কৃতীরা তাঁর উপর চড়াও হয়ে কোম্পানির ১ লক্ষ ৬০ হাজার টাকা ছিনতাই করে চম্পট দেয় বলে অভিযোগ করেন তিনি। পরে সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে সন্দেহ হওয়ায় পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করে। বাড়ি থেকে এক লক্ষ ৬০ হাজার টাকা উদ্ধারের পরই মঙ্গলকোট থানার পুলিশ গৌতম রায়কে গ্রেপ্তার করে।

***************

১২’ই ডিসেম্বরের পর থেকে রাজ্যে জাঁকিয়ে শীত পড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে। বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় সৃষ্টির প্রেক্ষিতে, রাজ্যের সর্বনিম্ন তাপমাত্রা বর্তমানে স্বাভাবিকের তুলনায় কিছুটা বেশী রয়েছে।

তবে, উত্তর ও পশ্চিমের জেলাগুলিতে ধীরে ধীরে তাপমাত্রা পতনের সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামী সাতদিন আবহাওয়া মূলত শুষ্ক থাকবে।

( বাইট- সোমনাথ ৭-৩৫ )

আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৩’দশমিক চার ডিগ্রি বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৬’ডিগ্রি সেলসিয়া। যা স্বাভাবিকের থেকে ২’দশমিক ৩’ডিগ্রি কম।

****************

ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ, জামশেদপুর FC-র মুখোমুখি হবে। জামশেদপুরে JRD টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

৮ ম্যাচে পাঁচ পয়েন্ট নিয়ে মহামেডান স্পোর্টিং ১৩ দলের আইএসএল লীগে পয়েন্ট তালিকার দ্বাদশ স্থানে আছে। সমসংখ্যক ম্যাচে জামশেদপুর ১২ পয়েন্ট পেয়ে নবম স্থানে রয়েছে।

**************************************************************